

শাহের ম.শায়েখ
রক্ত-কালি :: ১-৭

-১-

তোমার নামে ছলকে উঠে
রক্ত; বদন আবীর,
ভাসে চোখ সোনালী বর্ষনে
হৃদয় বীভৎস চৌচির।

-২-

পাথরে পাথর
বোধহীন বসবাস;
রক্ত প্রেমে বেঁচে থাকা
অমূল বিশ্বাস।

-৩-

কষ্টের অনশ্বর রমণী শিতল আগুনে
জেকেঁ বসে গরল আনন্দে গলদ
সন্ন্যাসী,
উনিন্দ্রে স্বপ্ন অপসৃত উরু উপস্থে
করাল চোখে শুধু নিরেট আবলুসী।

-৪-

হাসিতে শুভ্র শৈত্যাশু প্রশ্বাসে
সাইমুম নেচে উঠে;
তবু অনর্দ্র এবং নিমগ্ন তুমি
দৃঢ় এবং সুস্থির সময়ে।

-৫-

অঙ্গনা স্বপ্ন পাখঁ সার্টেঁ অলিন্দে
ভাসে ঘ্রোথ দ্বন্দ্ব লোহিতের
প্রক্ষালনে,
জেগে উঠে দেবপুত্র রুদ্ধ করতলে
ধলেশ্বরী ছুটে সমুদ্র সন্ধানে।

-৬-

জল সমুদ্রে তুলে কল্লোল
ভাঙ্গে বেলা ভূমি;
স্মৃতি-কাতর যে বিলোল
হৃদয়-সারা তাতে-ই তুমি।

-৭-

সমস্ত সমুদ্র সন্তরিয়ে বেলাভূমে
তরঙ্গ আশ্বালন মিশবে জানি